# ডা. আয়েশা মেমোরিয়াল ক্লিনিক (DAMC) প্রতিষ্ঠা উপলক্ষে

## ঢাকা ও চাঁদপুরে অনুষ্ঠিত মতবিনিময় সভার যৌথ কার্যবিবরণী

ডা. আয়েশা আখতার খানম (১৯৫৩–২০১৫)-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর আদর্শ ও মানবসেবার চেতনায় একটি বিনামূল্যে বা স্বল্পখরচে প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে সেবার ধরন-পরিধি, গুণগত মান, আর্থিক ও টেকসই ব্যবস্থাপনা সম্পর্কে গঠনমূলক মতামত গ্রহণের উদ্দেশ্যে ঢাকা ও চাঁদপুরে দুটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

প্রথম সভাটি ০২ ফেব্রুয়ারি ২০২৬, সোমবার (দুপুর ১:৩০টা–৩:৩০টা) ঢাকার বিজয় সরণিতে অবস্থিত থাই চি রেস্টুরেন্ট অ্যান্ড ক্যাফেতে অনুষ্ঠিত হয়। সভায় চিকিৎসকসহ বিভিন্ন পেশার প্রায় ১৬ জন বিশিষ্ট ব্যক্তি অংশগ্রহণ করেন। দ্বিতীয় সভাটি ০৫ ফেব্রুয়ারি ২০২৬, বৃহস্পতিবার (দুপুর ১২:০০টা–২:০০টা) চাঁদপুর জেলার কচুয়া উপজেলার রহিমানগরে নির্মাণাধীন ক্লিনিক ভবনে অনুষ্ঠিত হয়। এতে স্থানীয় সুশীল সমাজের প্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও জনপ্রতিনিধিসহ প্রায় ২৩ জন অংশগ্রহণ করেন।

সভা দুটির আহবায়ক ছিলেন ডা. আয়েশা আখতার খানম-এর দুই ছোট বোন— খোদেজা আখতার খানম (অবসর প্রাপ্ত অতিরিক্ত সচিব) এবং ডা. ফাহিমা নাসরীন, এমডি (নেফ্রোলজিস্ট, যুক্তরাষ্ট্র)। তাঁদের উদ্যোগেই ক্লিনিকটি প্রতিষ্ঠিত হচ্ছে। সভায় সভাপতিত্ব ও সঞ্চালনা করেন ডা. আয়েশার ছোট ভাই প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, চেয়ারম্যান, ডা. ইদ্রিস ও বেগম আশরাফুন্নেসা ফাউন্ডেশন। ক্লিনিকটি উক্ত ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় পরিচালিত হবে।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গুরুত্বপূর্ণ সময় ব্যয় করে সভায় অংশগ্রহণের জন্য ডা. ইদ্রিস ও বেগম আশরাফুন্নেসা ফাউন্ডেশনের পক্ষ থেকে উপস্থিত সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। আলোচনার শুরুতে ডা. আয়েশা আখতার খানম (১৯৫৩–২০১৫)-এর সংক্ষিপ্ত জীবনী ও ক্লিনিক প্রতিষ্ঠার উদ্দেশ্য উপস্থাপন করা হয়।

অংশগ্রহণকারীদের নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করে মতামত প্রদানের অনুরোধ জানানো হয়ঃ

- বিনামূল্যে বা স্বল্পমূল্যে প্রাথমিক চিকিৎসা ও স্বাস্থ্যসেবা মূলক পরামর্শ প্রদান
- মাতৃ, শিশু ও বয়স্কদের স্বাস্থ্যসেবা উন্নয়ন
- কমিউনিটি সম্পৃক্ততা ও স্বাস্থ্যসচেতনতা কার্যক্রম পরিচালনা
- দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে প্রয়োজনীয় ওষুধ সহায়তা প্রদান
- বিনামূল্যে ক্লিনিক পরিচালনার চ্যালেঞ্জ ও বাস্তবসম্মত সমাধান
- আর্থিক ও পরিচালনাগত স্থায়িত্ব নিশ্চিতকরণ

**আলোচনার সারসংক্ষেপ ও প্রাপ্ত সুপারিশসমূহ:**

অংশগ্রহণকারীরা এ ধরনের মানবিক উদ্যোগ গ্রহণের জন্য আয়োজকদের সাধুবাদ জানান এবং এলাকায় সাধারণ মানুষের জন্য বিনামূল্যে বা স্বল্পমূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তাঁদের অভিজ্ঞতার আলোকে নিম্নোক্ত সুপারিশসমূহ প্রদান করা হয়ঃ

১. **নিয়মিত ও সময়ানুবর্তী সেবা প্রদান:** নির্ধারিত সময়সূচি অনুযায়ী ক্লিনিক নিয়মিত খোলা রাখা, চিকিৎসকের উপস্তিহিতি এবং সেবার ধারাবাহিকতা নিশ্চিত করা। প্রথম থেকেই আগত রোগীর নাম রেজিস্ট্রেশন করে রাখা এবং তার তথ্য সংরক্ষণ করা।

২. **প্যাথলজি সুবিধা সংযোজন:** ব্লাড, স্টুল, ইউরিনসহ অন্যান্য বিষয়াদির মানসম্মত প্রাথমিক পরীক্ষার জন্য একটি প্যাথলজি ইউনিট স্থাপন করা।

৩. **নারী চিকিৎসক এবং খণ্ডকালীন চিকিৎসক নিয়োগ:** চিকিৎসক নিয়োগের ক্ষেত্রে নারীর বিষয়ে অগ্রাধিকার দেয়া। একজন পূর্ণকালীন চিকিৎসকের পরিবর্তে ৩–৪ জন খণ্ডকালীন চিকিৎসক নিয়োগের মাধ্যমে নিরবচ্ছিন্ন সেবা নিশ্চিত করা।

৪. **প্রাথমিক ওষুধ সরবরাহ:** সাধারণ রোগের জন্য প্রয়োজনীয় প্রাথমিক ওষুধ বিনামূল্যে প্রদান।

৫. **সচেতনতা ও প্রতিরোধমূলক কর্মসূচি:** মাতৃ ও শিশু স্বাস্থ্য, পুষ্টি, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, টিকাদান ও স্যানিটেশন বিষয়ে নিয়মিতভাবে জাতীয় ও আন্তর্জাতিক দিবসগুলোর সাথে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।

৬. **বিশেষজ্ঞ চিকিৎসক:** মাঝে মধ্যে চাহিদা অনুযায়ী বিভিন্ন গুরুত্বপূর্ণ রোগের উপর বিশেষজ্ঞ চিকিৎসক এনে ক্লিনিক এর মাধ্যমে চিকিৎসা প্রদানের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

৬. **নার্স ও সহায়ক কর্মী নিয়োগ:** একজন দক্ষ নার্স ও প্রয়োজনীয় সহায়ক কর্মী নিয়োগ।

৭. **আর্থিক স্থায়িত্ব নিশ্চিতকরণ:** ক্লিনিকের দীর্ঘমেয়াদি স্থায়িত্ব আর্থিক সক্ষমতার ওপর নির্ভরশীল। আর্থিক স্থায়িত্ব নিশ্চিত করতে ক্লিনিকের জন্য একটি এন্ডাউমেন্ট ফান্ড (Endowment Fund) গঠনের প্রয়োজনীয়তার উপর সবাই মতামত দেন।

৮. **স্থায়ী ফান্ড গঠন:** এন্ডাউমেন্ট ফান্ড গঠনের প্রক্রিয়ার উপর আলোচনা হয়। সমাজের বিত্তবান ও আগ্রহী ব্যক্তিদের নির্দিষ্ট পরিমাণ অর্থের বিনিময়ে আজীবন সদস্যপদ গ্রহণ/প্রদানের মাধ্যমে স্থায়ী আমানত হিসেবে এন্ডোয়মেন্ট ফান্ড গঠন করা যেতে পারে। যা একটি তফিসিলি ব্যাংকে জমা রেখে, লভ্যাংশ থেকে ক্লিনিকের দীর্ঘমেয়াদি ব্যয় নির্বাহ করা যেতে পারে।

৯. **স্বচ্ছতা ও টেকসই ব্যবস্থাপনা:** ডা: ইদ্রিস ও বেগম আশরাফুন্নেসা ফাউন্ডেশনের মাধ্যমে জবাবদিহিমূলক ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করে আর্থিক স্বচ্ছতা বজায় রাখা।

পরিশেষে, আয়োজকদ্বয় খোদেজা আখতার খানম ও ডা. ফাহিমা নাসরীন উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এ উদ্যোগকে স্ব স্ব অবস্থান থেকে সার্বিক সহায়তা প্রদানের আশ্বাস প্রদানের জন্য ধন্যবাদ জানান।। তাঁরা আরও উল্লেখ করেন যে, প্রাপ্ত মূল্যবান পরামর্শসমূহ ডা: আয়েশা মেমোরিয়াল ক্লিনিক স্থাপনে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা হিসেবে কাজ করবে। আলোচনায় প্রাপ্ত সুপারিশসমূহ সমন্বিত করে একটি টেকসই প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা নির্দেশিকা প্রণয়ন করা হবে, যার মাধ্যমে সাধারণ মানুষের জন্য বিনামূল্যে বা স্বল্পমূল্যে ধারাবাহিকভাবে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হবে।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষর:**

Fnasreen

খোদেজা আখতার খানম
অবসর প্রাপ্ত অতিরিক্ত সচিব, বাংলাদেশ সরকার

ডা. ফাহিমা নাসরীন, এমডি
নেফ্রোলজিস্ট, যুক্তরাষ্ট্র

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
চেয়ারম্যান, ডা. ইদ্রিস ও বেগম আশরাফুন্নেসা ফাউন্ডেশন

## English Translation of the minutes

**Joint Proceedings of the Consultation Meetings Held in Dhaka and Chandpur on the Establishment of Dr. Ayesha Memorial Clinic (DAMC)**

Paying deep respect to the memory of Dr. Ayesha Akhtar Khanam (1953–2015), and inspired by her ideals and spirit of humanitarian service, two consultation meetings were held in Dhaka and Chandpur. The purpose was to gather constructive opinions regarding the scope and nature of services, quality standards, financial planning, and sustainable management for establishing a free or low-cost primary healthcare center.

The first meeting was held on Monday, 02 February 2026 (1:30 PM–3:30 PM) at Thai Chi Restaurant and Café, Bijoy Sarani, Dhaka. Around 16 distinguished participants from various professions, including medical doctors, attended the meeting.

The second meeting was held on Thursday, 05 February 2026 (12:00 PM–2:00 PM) at the under-construction clinic building in Rahimanagar, Kachua Upazila, Chandpur. Approximately 23 participants attended, including representatives of civil society, local elites, and elected representatives.

The meetings were convened by the two younger sisters of Dr. Ayesha Akhtar Khanam—Ms. Khodeza Akhtar Khanam (Retired Additional Secretary) and Dr. Fahima Nasreen, MD (Nephrologist, USA). The clinic is being established through their initiative. The meetings were chaired and moderated by Professor Dr. Muhammad Alamgir, Chairman of the Dr. Idris and Begum Ashrafunnessa Foundation, and younger brother of Dr. Ayesha. The clinic will be operated under the management of this foundation.

The Chair welcomed all participants and initiated the proceedings. On behalf of the foundation, sincere gratitude was expressed to all attendees for their valuable time and participation. At the beginning, a brief biography of Dr. Ayesha Akhtar Khanam (1953–2015) and the objectives of establishing the clinic were presented.

Participants were requested to provide their opinions considering the following areas:

- Provision of free or low-cost primary medical treatment and health consultation
- Improvement of healthcare services for mothers, children, and the elderly
- Community engagement and health awareness activities
- Provision of essential medicines for poor and vulnerable populations
- Challenges and practical solutions for operating a free clinic
- Ensuring financial and operational sustainability

## Summary of Discussions and Recommendations

Participants highly appreciated this humanitarian initiative and emphasized the importance of establishing accessible primary healthcare services for the general population. Based on their experience, the following recommendations were made:

1. **Regular and Timely Service Delivery:**
   Ensure the clinic remains open regularly as per schedule, with consistent presence of doctors and continuity of services. Maintain patient registration records from the beginning.
2. **Addition of Pathology Services:**
   Establish a pathology unit for standard primary tests such as blood, stool, and urine examinations.
3. **Recruitment of Female and Part-Time Doctors:**
   Give priority to female doctors. Instead of a single full-time doctor, appoint 3–4 part-time doctors to ensure uninterrupted service.
4. **Supply of Essential Medicines:**
   Provide necessary basic medicines free of cost for common illnesses.
5. **Awareness and Preventive Programs:**
   Conduct regular awareness activities on maternal and child health, nutrition, diabetes, hypertension, vaccination, and sanitation, aligning with national and international observance days.
6. **Specialist Doctors:**
   Arrange occasional visits of specialist doctors based on demand to provide advanced consultation services.
7. **Recruitment of Nurses and Support Staff:**
   Appoint at least one skilled nurse along with necessary support staff.
8. **Ensuring Financial Sustainability:**
   Long-term sustainability depends on financial capacity. Participants emphasized the need to establish an Endowment Fund for the clinic.
9. **Formation of Permanent Fund:**
   The endowment fund can be developed through lifetime membership contributions

from affluent and interested individuals. The fund may be deposited in a scheduled bank, and the returns can be used to cover long-term operational costs.

10. **Transparency and Sustainable Management:**
    Ensure accountability and effective management through the foundation, maintaining financial transparency at all levels.

## Closing Remarks

At the end, the conveners Ms. Khodeza Akhtar Khanam and Dr. Fahima Nasreen expressed their heartfelt gratitude to all participants for their valuable suggestions and for their commitment to support the initiative. They noted that the recommendations received would serve as important guidelines in establishing the Dr. Ayesha Memorial Clinic.

It was also mentioned that a comprehensive administrative and financial management guideline would be developed by incorporating these recommendations to ensure sustainable delivery of free or low-cost primary healthcare services to the community.

Finally, the Chair thanked all participants and formally concluded the meeting.

অংশগ্রহণকারীগণের নামের তালিকা:

| **০২ ফেব্রুয়ারি ২০২৬ , থাই চি রেস্টুরেন্ট, ঢাকা** | | **০৫ ফেব্রুয়ারি ২০২৬, রহিমানগর, চাঁদপুর** | |
|---|---|---|---|
| ১ | মো: আবদুল্লাহ আল বাকী (01819223593)<br>জেনারেল ম্যানেজার (অব:), বি.এ.ডি.সি.<br><aabaki@hotmai.com> | ১ | মো: সফিকুর রহমান (01819671857)<br>ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১১ নং গোহাট দক্ষিণ ইউনিয়ন |
| ২ | এস এ এম শওকেত হোসেন (01711688290)<br>চেয়ারম্যান এন্ড ম্যানেজিং ডাইরেক্টর<br>Express One Ltd <showketcdme@gmail.com> | ২ | মোহাম্মদ মনিরুজ্জামান, (01819192000)<br>অধ্যক্ষ, রহিমানগর ডিগ্রী কলেজ। |
| ৩ | মো: রফিকুল ইসলাম (01711535544)<br>প্রেসিডেন্ট, রহিমানগর ডায়বেটিকস সমিতি | ৩ | মো: আবুল হোসেন পাটওয়ারী, (01710642682)<br>প্রধান শিক্ষক, রহিমানগর বি এ বি উচ্চ বিদ্যালয় |
| ৪ | আ ন ম খোরশেদ আলম (01726013483)<br>সেক্রেটারি, ডা. ইদ্রিস ও বেগম আশরাফুন্নেসা ফাউন্ডেশন | ৪ | মো: মনির হোসেন,প্রধান শিক্ষক (01814407302)<br>প্রধান শিক্ষক, রহিমানগর হাজী চাঁদ মিয়া বালিকা বিদ্যালয় |
| ৫ | ডা: তালহা সামি উল হক (01747166051)<br>ইএমও, ২৫০ বেড হসপিটাল, মানিকগঞ্জ,<br><drsami787@gmail.com> | ৫ | মো: শাজাহান মিয়াজী (01922696311)<br>সাহার পাড়, রহিমানগর |
| ৬ | ডা: রাহাত ফাহমিদা আলম (01737136974)<br>এমডি রেসিডেন্ট, NIMH, ঢাকা <drrahat.fahmida@gmail.com> | ৬ | ডা: কামরুজ্জামান (01816103440)<br>রহিমানগর |
| ৭ | শাহনাজ শারমিন (01711542589), জার্নালিস্ট, ৭১ টিভি | ৭ | মো: শাহ আলম (01812053981), নাসিরপুর |
| ৮ | ডা: শাহানা পারভীন (01819117321)<br>অ্যাসোসিয়েট প্রফেসর,NIMH,ঢাকা, <shahanabmc1@gmail.com> | ৮ | মো: জাকির হোসেন (01822972281)<br>নূরপুর |
| ৯ | ডা: সুফিয়া খাতুন (01719063824)<br>কনসালট্যান্ট, ইবনে সিনা হসপিটাল, <sufiadr@gmail.com> | ৯ | মো: আবুল খায়ের (01720592108)<br>পাড়াগাঁও |
| ১০ | ডা: মোস্তফা কামাল আরেফিন (01671748866)<br>ইএনটি স্পেশালিস্ট <arefin61dmc@gmail.com> | ১০ | মো: খলিলুর রহমান (01731050377)<br>রহিমানগর উত্তর বাজার |

| | | | |
|---|---|---|---|
| ১১ | ডা: মাহবুবর রহমান চৌধুরী (01743400265)<br>টিবি এন্ড চেষ্ট স্পেশালিস্ট, <chowdhurym@gmail.com> | ১১ | ডা: শওকত আলী (01727204188), ডায়বেটিকস রোগ বিশেষজ্ঞ<br>চাপাতলী |
| ১২ | পিউ আশরাফুন বানু (01750106949)<br>একাউন্টেন্ট <piurahman4@gmail.com> | ১২ | নাসিম আহমেদ (01823389986)<br>উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার |
| ১৩ | খোদেজা আখতার খানম (01712173471)<br>অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব, <kkhodeza@yahoo.com> | ১৩ | মো: জাহাঙ্গীর আলম,সাবেক চেয়ারম্যান (01616722999)<br>প্রাক্তন চেয়ারম্যান, ১১ নং গোহাট দক্ষিণ ইউনিয়ন |
| ১৪ | প্রফেসর ড মুহাম্মদ আলমগীর (01714087277)<br>চেয়ারম্যান, ডা. ইদ্রিস ও বেগম আশরাফুন্নেসা ফাউন্ডেশন | ১৪ | মো: ফখখর (01846010639)<br>নাওপুরা |
| ১৫ | ডা: ফাহিমা নাসরীন (+16143167249)<br>এমডি, নেফ্রোলজিস্ট, যুক্তরাষ্ট্র<br><fnasreen1@yahoo.com> | ১৫ | আবু বকর মেহেদী (01761522342)<br>সুপারভাইজার, ক্লিনিক প্রজেক্ট |
| ১৬ | শিয়ান শাহরিয়ার আলমগীর (01619482847)<br>স্টুডেন্ট, ঢাকা ইউনিভার্সিটি <shiyan.shahriar@gmail.com> | ১৬ | পারভীন আক্তার (01833566989)<br>অবসরপ্রাপ্ত, সহকারী প্রাথমিক শিক্ষক |
| | | ১৭ | খোদেজা আখতার খানম, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব |
| | | ১৮ | ডা: ফাহিমা নাসরীন , এমডি, নেফ্রোলজিস্ট, যুক্তরাষ্ট্র |
| | | ১৯ | আ ন ম খোরশেদ আলম (01726013483) |
| | | ২০ | মেহেরুন নেসা (01714087276), ডা: ইদ্রিস এর পরিবারের সদস্য |
| | | ২১ | ফারহান তালুকদার (+18143211143), স্টুডেন্ট, স্টেট কলেজ, ইউএসএ |
| | | ২২ | মো: আনিসুর রহমান (01890735474), স্টুডেন্ট, একাউন্টিং |
| | | ২৩ | প্রফেসর ড মুহাম্মদ আলমগীর, চেয়ারম্যান, DIBA ফাউন্ডেশন |